रिपु पु० [रप-उन्] শত্রু, চোরনামক গন্ধদ্রব্য, জ্যোতিষশাস্ত্রে লগ্ন হইতে ষষ্ঠস্থান, কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য—এই ছয়টি দেহস্থ প্রবৃত্তি। Enemy.

रिरंसा स्त्री०[रम+सन्-अ+टाप्] রমণেচ্ছা। Desire of sexual union.

रिरंसु त्रि० [रम+सन्-उ] রমণেচ্ছু। Desirous of sexual union.

रिष्ट क्ली० [रिश-क्त] মঙ্গল, অশুভ, পাপ। त्रि० অশুভাদিযুক্ত। पु० খড়্গ। Evil, mischief, sin; unlucky; sword.

रिष्टि स्त्री० [रिश-क्तिन्] অশুভ, শস্ত্রবিশেষ। पु० [रिष-क्तिच्] খড়্গ, রক্ত। Evil; sword.

रीढा स्त्री० [रिह-क्त+टाप्] অবজ্ঞা। Contempt.

रीण त्रि० [री-क्त] ক্ষরিত, স্রুত। Oozed, flowed.

रीति स्त्री० [री-क्तिच्] পিত্তল। [री-क्तिन्] প্রস্রাব, ক্ষরণ, লৌহকিট্ট, দগ্ধস্বর্ণাদিমল, সীমা, অলঙ্কারশাস্ত্রে গৌড়ী প্রভৃতি রচনাবিশেষ, গতি, স্বভাব। Brass, urine, motion, manner.

रुक्म क्ली० [रुच-मन्] কাঞ্চন, লৌহ, ধুস্তূর, নাগকেসর। Gold, iron.

रुक्मपुर क्ली० [रुक्म+पुर] গরুড়ের বাসনগরী। The city inhabited by Garuḍa.

रुक्मवती स्त्री० দশাক্ষরপাদ ছন্দোবিশেষ। A ten-syllabled metre.

रुक्मिन् त्रि० [रुक्म+इनि] স্বর্ণযুক্ত। पु० ভীষ্মক-রাজার জ্যেষ্ঠপুত্র। स्त्री० रुक्मिणी—শ্রীকৃষ্ণের পত্নীবিশেষ। Adorned with gold, name of the eldest son of Bhīṣmaka; the wife of Śrīkṛṣṇa.

रुक्ष त्रि० [रुह-क्स] অচিক্কণ, নিঃস্নেহ, কঠোর। Rough, rude.

रुग्ण त्रि० [रुज-क्त] পীড়িত। Diseased.

रुच् स्त्री० [रुच-क्विप्] দীপ্তি, শোভা, প্রকাশ, শারিকাপক্ষীর রব। Lustre, beauty, the note of the bird Śārikā.

রুচক ক্লী° [রুচ–ক্বন্] মাঙ্গল্য দ্রব্য, মাল্য, সৌবর্চল, অশ্বভূষণ, আম্রাম্বরস, রোচনা, সর্জিকাক্ষার, বিড়ঙ্গ, লবণ। ত্রি° উৎকট। পু° বীজপুর, দন্ত, নিষ্ক, কপোত। Auspicious objects, garland, salt; tooth, dove.

রুচি[চী] স্ত্রী° [রুচ–কি(+ঙীপ্)] অনুরাগ, আসঙ্গ, স্পৃহা, অভিলাষ, কিরণ, শোভা, বুভুক্ষা গোরোচনা। Love, inclination, desire, ray, hunger.

রুচিকর ত্রি° [রুচি+কর] স্বাদজনক। Tasteful.

রুচির ত্রি° [রুচি+রা–ক] মনোহর, মধুর। ক্লী° মূলক, কুমকুম, লবঙ্গ। স্ত্রী° রুচিরা— গোরোচনা। Pleasing, saffron, clove.

রুচ্য ত্রি° [রুচ–যত্] সুন্দর, রুচিকর। ক্লী° সৌবর্চল। পু° পতি, কেতকবৃক্ষ, শালিধান্য। Beautiful, tasteful ; husband.

রুজ্[জা] স্ত্রী° [রুজ–ক্বিপ্(+টাপ্)] রোগ, ভঙ্গ। Disease, breaking.

রুণ্ড পু° [রুট–অচ্] কবন্ধ। A headless body.

রুত ক্লী° [রু–ক্ত] রব। A cry.

রুদিত ক্লী° [রুদ–ক্ত] ক্রন্দন। ত্রি° কৃতরোদন। Weeping; one who has wept.

রুদ্ধ ত্রি° [রুধ–ক্ত] আবরণাদির দ্বারা বেষ্টিত, গতিরোধযুক্ত। Obstructed, impeded.

রুদ্র পু° [রুদ–রক্] শিবমূর্তিবিশেষ, বহ্নি, একাদশ-সংখ্যা, আর্দ্রানক্ষত্র। A name of Śiva, fire, eleven.

রুদ্রাক্ষ পু° [রুদ্র+অক্ষিন্+অচ্] বৃক্ষবিশেষ। A kind of tree.

রুদ্রাণী স্ত্রী° [রুদ্র+ঙীপ্] শিবপত্নী দুর্গা। The goddess Durgā.

রুধির ক্লী° [রুধ–কিরচ্] শরীরস্থ রসপাকজন্য ধাতুবিশেষ, কুমকুম, মণিবিশেষ। পু° মঙ্গলগ্রহ, রক্তবর্ণ। ত্রি° রক্তবর্ণযুক্ত। Blood, saffron; red colour; red.

রুধিরপায়িন্ পু° [রুধির+পায়িন্], **রুধিরাশন** পু° [রুধির+অশন] রাক্ষস। Demon.

রুরু পু° [রু–ক্রু] মৃগবিশেষ। A kind of deer.

রুষ্[ষা] স্ত্রী° [রুষ–ক্বিপ্(+টাপ্)] ক্রোধ। Anger.

রুষিত, রুষ্ট ত্রি° [রুষ–ক্ত] ক্রোধযুক্ত। Angry.

রুহ ত্রি° [রুহ–ক] জাত। স্ত্রী° রুহা—দূর্বা। Grown, Dūrvā grass.

রুক্ষ ত্রি° [রুক্ষ–অচ্] অচিক্কণ, স্নেহশূন্য। পু° বৃক্ষ। Rough, rude; tree.

রূঢ ত্রি° [রুহ–ক্ত] জাত, প্রসিদ্ধ, প্রকৃতিপ্রত্যয়ার্থের অপেক্ষা না করিয়া সমুদায় শক্তির দ্বারা অর্থ-বোধক শব্দ। Grown, famous, words having conventional meaning.

রূঢি স্ত্রী° [রুহ–ক্তিন্] জন্ম, প্রসিদ্ধি, শব্দশক্তি-বিশেষ। Growth, fame.

রূপ ক্লী° [রূপ–ক] স্বভাব, সৌন্দর্য, পশু, নাম, শব্দ, গ্রন্থাবৃত্তি, দৃশ্যকাব্য। Nature, beauty, beast, name.

রূপক ক্লী° [রূপ–ণ্বুল্] দৃশ্যকাব্যবিশেষ। ত্রি° মূর্ত। ক্লী° [রূপ+ক] শুক্লাদিবর্ণ, আকার, অর্থালঙ্কার-বিশেষ, গুঞ্জাত্রয়পরিমাণ। A drama; colour, a figure of speech.

রূপণ ক্লী° [রূপ–ল্যুট্] বর্ণন, নিরূপণ। Description, examination.

রূপধেয় ক্লী° [রূপ+ধেয়] সৌন্দর্য। Beauty.

রূপবত্ ত্রি° [রূপ+মতুপ্] সৌন্দর্যযুক্ত, আকার-বিশিষ্ট। Beautiful.

রূপসম্পদ্ স্ত্রী° [রূপ+সম্পদ্] রূপরূপ সম্পদ্। The wealth of beauty.

রূপাজীবা স্ত্রী° [রূপ+আজীব+টাপ্] বেশ্যা। A prostitute.

রূপিন্ ত্রি° [রূপ+ইনি] রূপযুক্ত। Having a form.

রূপ্য ক্লী° [রূপ+যত্] স্বর্ণ, রজত। ত্রি° সুন্দর। Gold, silver ; beautiful.

রূষণ ক্লী° [রূষ–ল্যুট্] লেপন। Smearing.

রূষিত ত্রি° [রূষ–ক্ত] ধূলি প্রভৃতির দ্বারা মিশ্রিত, অচিক্কণীকৃত। Smeared, made rough.

রে অব্য° [রা–কে] নীচব্যক্তিকে সম্বোধনার্থক শব্দ। A vocative particle generally used contemptuously.

রেক পু° [রিচ–ঘঞ্] বিরেচন। [রেক–অচ্] শঙ্কা, নীচ, ভেক। স্ত্রী° রেকা [রেক–অ+টাপ্] সন্দেহ। Purging, fear, inferior ; doubt.

রেখা স্ত্রী° [লিখ–অচ্+টাপ্] অল্প, ছল, আভোগ, চিহ্নবিশেষ, শ্রেণী, সুমেরু ও লঙ্কার মধ্যরেখাস্থ স্থলবিশেষ। A small quantity, pretext, a line.

রেচক ক্লী° [রিচ+ণিচ্–ণ্বুল্] পিচকারী। পু° যব-ক্ষার, জয়পাল, তিলকবৃক্ষ। ত্রি° পুরীষনিঃসারক। Syringe; a kind of tree; purgative.

রেচন ক্লী° [রিচ–ল্যুট্] কোষ্ঠ হইতে নাসিকার দ্বারা বায়ুর নিঃসারণ। Emission of breath.

রেচিত ত্রি° [রিচ–ক্ত] ত্যক্ত। Abandoned.

রেণু পু° [রী–নু] পরাগ, ধূলি, পর্পট। স্ত্রী° রেণুকা। The pollen of flowers, dust.

रेणुका স্ত্রী° [रेणु+कै–क+टाप्] সুগন্ধিদ্রব্য, জমদগ্নি-পত্নী। Perfume, the wife of Jamadagni.

रेतस् ক্লী° [री–असुन्] শুক্র, পারদ। Semen, mercury.

रेप ত্রি° [रेप–अच्] নিন্দিত, ক্রূর, কৃপণ। Contemptible, cruel, miser.

रेफ পু° [र+इफ] রকারাত্মক বর্ণ। ত্রি° [रिफ–अच्] কুৎসিত। The letter 'ra'; contemptible.

रेवत পু° [रेव–अतच्] জম্বীর, নৃপবিশেষ, আরগ্বধ। Citron, name of king.

रेवतीजानि পু° [रेवती+जानि], **रेवतीरमण** পু° [रेवती+रमण] বলরাম। An epithet of Balarāma.

रेवा স্ত্রী° [रेव–अच्+टाप्] নর্মদা নামক নদী, কামপত্নী, নীলীবৃক্ষ, দুর্গা। Name of the river Narmadā, the wife of Kāmadeva, an epithet of Durgā.

रै পু° [रा–डै] ধন, স্বর্ণ, শব্দ। Wealth, gold, sound.

रैत्य ত্রি° [रीति+ण्यत्] পিত্তলময় পাত্র। A vessel of brass.

रैवत পু° [रेवती+अण्] দ্বারকাসমীপস্থ পর্বত-বিশেষ, স্বর্ণালুবৃক্ষ, শিব, দৈত্যবিশেষ। [रेवती+अण्] পঞ্চম মনু। Name of a mountain near Dvārakā, an epithet of Śiva, the fifth Manu.

रोक ক্লী° [रु–कन्] ছিদ্র, নৌকা। ত্রি° চল। পু° [रुच–घञ्] ক্রয়বিশেষ, দীপ্তি। A hole, a boat; moving; lustre.

रोग পু° [रुज–घञ्] ব্যাধি। Disease.

रोगह ত্রি° [रोग+हन–ड], রোগনাশক। ক্লী° ঔষধ। Destroying disease ; medicine.

रोगहन् ত্রি° [रोग+हन–क्किप्] বৈদ্য। Physician.

रोगिन् ত্রি° [रोग+इनि] ব্যাধিযুক্ত। Diseased.

रोचक ত্রি° [रुच–ण्वुल्] রুচিকারক। ক্লী° ক্ষুধা, কদলী, গ্রন্থিপর্ণবিশেষ। Exciting appetite; hunger, a kind of union.

रोचन ত্রি° [रुच–ल्यु] রুচিকারক। পু° কূটশাল্মলীবৃক্ষ। শ্বেতশোভাঞ্জন, পলাণ্ডু, দাড়িম, করঞ্জ, অঙ্কোট। স্ত্রী° রোচনা—উত্তমা নারী, রক্তকহ্লার, গোরোচনা। Agreeable ; kūṭaśālmali tree; handsome woman, yellow pigment.

रोचमान পু° [रुच–शानन्] অশ্বগ্রীবাস্থ রোমাবর্ত। ত্রি° রুচিযুক্ত। A tuft of hair on a horse's neck; agreeable.

रोचिष्णु ত্রি° [रुच–इष्णुच्] দীপ্তিশীল, রুচিশীল। Bright, lovely.

रोचिस् ক্লী° [रुच–इसुन्] প্রভা। Splendour.

रोटिका স্ত্রী° [रुट–ण्वुल्+टाप्] রুটি। A kind of cake or bread.

रोद পু° [रुद–अ], **रोदन** ক্লী° [रुद–ल्युट्] ক্রন্দন। Weeping,

रोदस् ক্লী° [रुद–असुन्] স্বর্গ, ভূমি। স্ত্রী° রোদসী—দ্যাবাপৃথিবী। Heaven, ground ; heaven and earth.

रोद्धृ ত্রি° [रुध–तृच्] রোধকর্তা। Obstructer.

रोध পু° [रुध–घञ्] রোধন, আবরণ, নদীতীর। Obstruction, cover, river-bank.

रोधक ত্রি° [रुध–ण्वुल्] রোধকর্তা। Obstructer.

रोधन ত্রি° [रुध–ल्यु] রোধকর্তা। ক্লী° [रुध–ल्युट्] প্রতিবন্ধ। Obstructer; hinderence.

रोधस् ক্লী° [रुध–असुन्] নদীর কূল। River-bank.

रोधिन् ত্রি° [रुध–इनि] রোধকর্তা। Obstructer.

रोध्र ক্লী° [रुध–रन्] পাপ, অপরাধ। পু° লোধ্রবৃক্ষ। Sin, offence; a kind of tree.

रोप পু° [रुह+णिच्–अच्] বাণ, রোপণ। ক্লী° ছিদ্র। Arrow, planting; hole.

रोपण ক্লী° [रुह+णिच्–ल्युट्] জনন, অঞ্জনবিশেষ। [रुप–ल्युट्] বিমোহন। Production, collyrium.

रोपित ত্রি° [रुह+णिच्–क्त] যাহা রোপণ করা হইয়াছে। Planted.

रोमक ক্লী° [रोमन+कै–क] নগর, পাংশুলবণ, অয়স্কান্তমণি। City, a gem.

रोमकूप পু° [रोम+कूप] রোমাধার। Pore of the skin.

रोमन् ক্লী° [रु–मनिन्] দেহজাত অঙ্কুরাকার কেশতুল্য পদার্থ। The hair of the body.

रोमन्थ পু° [रोग+मन्थ–अण्] ঘাসাদির গিলিত-চর্বণ। Ruminating.

रोमराजि স্ত্রী° [रोमन्+राजि], **रोमलता** স্ত্রী° [रोमन्+लता] রোমাবলী। A line of hair.

रोमश ত্রি° [रोम+श] প্রচুর রোমযুক্ত। পু° মেষ, শূকর, পানা। Hairy; sheep, boar.

रोमविक्रिया স্ত্রী° [रोमन्+विक्रिया] রোমাঞ্চ। Thrill.

रोमहर्ष পু° [रोमन्+हर्ष] রোমাঞ্চ। Horripilation.

रोमहर्षण पु॰ [रोमन्+हर्ष+णिच्-ल्यु] মুনিবিশেষ, বিভীতকবৃক্ষ। ত্রি॰ রোমাঞ্চকর। Name of a sage.

रोमाञ्च पु॰ [रोमन्+अन्च-अच्] রোমহর্ষ। Horripilation.

रोमाञ्चित त्रि॰ [रोमाञ्च+इतच्] জাতপুলক। Horripilated.

रोमालि[ली] स्त्री॰ [रोमन्+आलि(ली)], **रोमावलि[ली]** स्त्री॰ [रोमन्+आवलि(ली)] রোমশ্রেণী, নাভির উর্ধ্বস্থ রোমশ্রেণী। A line of hair.

रोमोद्गम पु॰ [रोमन्+उद्गम] রোমহর্ষ। Horripilation.

रोमोद्भेद पु॰ [रोमन्+उद्भेद] রোমাঞ্চ। Horripilation.

रोरुदा स्त्री॰ [रुद+यङ्-अ+टाप्] সাতিশয় বা পুনঃ-পুনঃ রোদন। Violent weeping.

रोरुद्यमान त्रि॰ [रुद+यङ्-शानच्] সাতিশয় বা পুনঃ-পুনঃ রোদনকারী। Crying bitterly or frequently.

रोलम्ब पु॰ [रु+विच्+लम्ब-अच्] ভ্রমর। A bee.

रोष पु॰ [रुष-घञ्] ক্রোধ। Anger.

रोषण पु॰ [रुष-युच्] পারদ, নিকষপ্রস্তর, উষরভূমি। ত্রি॰ ক্রোধশীল। Mercury, touchstone, a desert soil; angry

रोषित त्रि॰ [रुष+णिच्-क्त] কোপিত। Enraged.

रोह पु॰ [रुह-अच्] অঙ্কুর। ত্রি॰ রোহণকর্তা। Sprout.

रोहण पु॰ [रुह-ल्युट्] পর্বতবিশেষ। ক্লী॰ প্রাদুর্ভাব, শুক্র। Name of a mountain; semen.

रोहिण पु॰ [रुह-इनन्] বটবৃক্ষ, রোহিতকবৃক্ষ, ভূতৃণ। ক্লী॰ পঞ্চদশভাগে বিভক্ত দিনের নবমভাগ। The banyan tree, grass.

रोहिणी स्त्री॰ [रुह-इनन्+ङीप्] গাভী, নক্ষত্রবিশেষ, বসুদেবপত্নী, বিদ্যুৎ। [रोहित+ङीप्] নববর্ষীয়া কন্যা, হরীতকী, মঞ্জিষ্ঠা, সুরভিকন্যা, গলরোগ-বিশেষ। A cow, name of the fourth lunar mansion, myrobalan.

रोहित क्ली॰ [रुह-इतच्] রুধির, কুঙ্কুম, ঋজু, ইন্দ্রধনু। পু॰ রোহিতকবৃক্ষ, মৎস্যবিশেষ, রক্তবর্ণ। ত্রি॰ রক্তবর্ণযুক্ত। Blood, saffron, red-coloured.

रोहितक क्ली॰ [रोहित+क] অগ্নিবাহন মৃগবিশেষ, বৃক্ষবিশেষ। A kind of deer.

रोहिताश्व पु॰[रोहित+अश्व] বহ্নি, রাজা হরিশ্চন্দ্রের পুত্র। Fire, the son of the king Hariścandra.

रोहिन् त्रि॰[रुह-णिनि] বটবৃক্ষ, অশ্বত্থবৃক্ষ, রোহিতক-বৃক্ষ। The banyan tree, the fig tree.

रौक्म त्रि॰ [रुक्मन्+अण्] স্বর্ণময়। Golden.

रौक्ष्य क्ली॰ [रुक्ष+ष्यञ्] পারুষ্য, অচিক্কণতা। Harshness, roughness.

रौद्र क्ली॰ [रुद्र+अण्] সূর্যতাপ, উগ্ররস। ত্রি॰ ভীষণ, উগ্ররসযুক্ত। স্ত্রী॰ রৌদ্রী—দুর্গা, রুদ্রজটাবৃক্ষ। Solar heat; violent; an epithet of Durgā.

रौप्य क्ली॰ [रूप्य+अण्] রজত। Silver.

रौरव पु॰ [रु+यङ्-क्विप्+अण्] নরকবিশেষ। ত্রি॰ চঞ্চল, ধূর্ত, ঘোর। ক্লী॰ সামবিশেষ। Name of one of the hells ; fickle, clever.

रौहिणेय पु॰ [रोहिणी+ढक्] বুধগ্রহ, বলরাম, শনৈশ্চর, গোবৎস। ক্লী॰ মরকতমণি। The planet Mercury, a calf; an emerald.

रौहिष पु॰ [रोहिष+अण्] মৃগবিশেষ। [रुह-टिषच्] তৃণবিশেষ। স্ত্রী॰ রৌহিষী—দূর্বা, রোহিতমৃগী। A kind of deer, a kind of grass.

ल

ल पु॰ [ला-क] তৃতীয় অন্তঃস্থবর্ণ, ইন্দ্র, ব্যাকরণশাস্ত্র এবং ছন্দঃশাস্ত্রোক্ত সংজ্ঞাবিশেষ। ক্লী॰ তন্ত্র-শাস্ত্রোক্ত মন্ত্রবিশেষ। A technical term used in Sanskrit grammar and prosody; a tantric mantra.

लकुच पु॰ [लक-उचन्] মাদার বৃক্ষ। A kind of bread fruit tree.

लक्तक पु॰ [लक-क्त+कन्] আলতা, জীর্ণবস্ত্রখণ্ড। Lac, rag.

लक्ष क्ली॰ [लक्ष-अच्] চিহ্ন, ব্যাজ, পদ, শরব্য। স্ত্রী॰ লক্ষা—দশাযুতসংখ্যা। Sign, pretence; target ; one lac.

लक्षक त्रि॰ [लक्ष-ण्वुल्] লক্ষণার্থবোধক। Conveying secondary meaning.

लक्षण क्ली॰ [लक्ष-ल्युट्] ইতরভেদানুমাপক চিহ্ন, স্বরূপ, ব্যবহারোপযোগী চিহ্ন, শব্দসাধুতাপ্রতি-পাদক ব্যাকরণাদিসূত্র। স্ত্রী॰ লক্ষণা—শব্দের বৃত্তিবিশেষ। Distinctive mark, a mark for use; the power of indication in a word.

लक्षणीय त्रि॰ [लक्ष-अनीयर्] দর্শনীয়। Fit to be seen.

लक्षित त्रि॰ [लक्ष-क्त] দৃষ্ট, জ্ঞাত, অনুমিত। Seen, noticed, guessed.

लक्ष्मन् क्ली॰ [लक्ष-मनिन्] চিহ্ন, প্রধান। Mark, chief.

লক্ষ্মণ পু০ [লক্ষ্মণ+অণ্] সুমিত্রানন্দন, সারসপক্ষী। স্ত্রী০ লক্ষ্মণা—ঔষধবিশেষ। Son of Sumitrā, crane.

লক্ষ্মী স্ত্রী০ [লক্ষ–ঈ] বিষ্ণুর পত্নী, শোভা, কান্তি, সম্পত্তি, ঋদ্ধি ও বৃদ্ধিনামক ঔষধ, ফলিনীবৃক্ষ, স্থলপদ্মিনী, হরিদ্রা, মুক্তা, দ্রব্য, পীড়া, বারযোষিৎ। The wife of Viṣṇu, loveliness, a species of lotus, pearl.

লক্ষ্মীকান্ত পু০ [লক্ষ্মী+কান্ত] বিষ্ণু, রাজা। An epithet of Viṣṇu, king.

লক্ষ্মীপতি পু০ [লক্ষ্মী+পতি] বিষ্ণু, লবঙ্গ, পুগবৃক্ষ। An epithet of Viṣṇu, clove.

লক্ষ্মীবৎ ত্রি০ [লক্ষ্মী+মতুপ্] শ্রীযুক্ত। পু০ পনস, শ্বেতরোহিতকবৃক্ষ। Fortunate, handsome; jack-fruit, a kind of tree.

লক্ষ্মীশ পু০ [লক্ষ্মী+ঈশ], **লক্ষ্মীশ্বর** পু০ [লক্ষ্মী +ঈশ্বর] বিষ্ণু। An epithet of Viṣṇu.

লক্ষ্মীসহোদর পু০ [লক্ষ্মী+সহোদর] চন্দ্র। The moon.

লক্ষ্য ক্লী০ [লক্ষ–যৎ] শরব্য। ত্রি০ উদ্দেশ্য, জ্ঞেয়, অনুমেয়, লক্ষণাবোধ্য অর্থ। Target; aim, perceptible, inferable, secondary meaning.

লগিত ত্রি০ [লগ–ক্ত] সংযুক্ত। Attached.

লগুড পু০ [লগ–উলচ্] দণ্ডাকার কাষ্ঠনির্মিত পদার্থ, লাঠি। A club, stick.

লগ্ন ক্লী০ [লস্জ–ক্ত] মেষাদিরাশির উদয়কাল। ত্রি০ লজ্জিত। [লগ–ক্ত] সংসক্ত। পু০ স্তুতিপাঠক। The moment of rising of the zodiacal signs; ashamed, attached to.

লগ্নক পু০ [লগ্ন+কন্] প্রতিভূ। Surety.

লগ্নপত্র ক্লী০ [লগ্ন+পত্র] বিবাহাদি কার্যের লগ্ন-নির্দেশক লেখ। The document of assent connected with marriage etc.

লঘিমন্ পু০ [লঘু+ইমনিচ্] লঘুত্ব, সিদ্ধিবিশেষ। Lightness, a kind of supernatural power.

লঘিষ্ঠ ত্রি০ [লঘু+ইষ্ঠন্], অতিশয় লঘুত্বযুক্ত। Extremely light.

লঘীয়স্ ত্রি০ [লঘু+ঈয়সুন্] লঘুতর। Lighter.

লঘু ত্রি০ [লঘ–কু] হ্রস্ব, লাঘবগুণান্বিত, নিঃসার, মনোহর। ক্লী০ শীঘ্র, কৃষ্ণাগুরু। পু০ ব্যাকরণ ও ছন্দঃশাস্ত্রোক্ত সংজ্ঞাবিশেষ, পুষ্যাদি নক্ষত্র। Short, light, pleasant; swift; a technical term in Sanskrit grammar and prosody.

লঘুচিত্ত ত্রি০ [লঘু+চিত্ত], **লঘুচেতস্** ত্রি০ [লঘু+চেতস্] নীচাত্মা। Mean-minded.

লঘুতা স্ত্রী০ [লঘু+তল্+টাপ্] লঘুত্ব। Lightness.

লঘুহস্ত ত্রি০ [লঘু+হস্ত] হস্তের দক্ষতাযুক্ত। পু০ দক্ষ ধনুর্ধর। Dexterous; deft bowman.

লঘ্বাশিন্ ত্রি০ [লঘু+অশ–ণিনি] অল্পভোজনকারী। One moderate in diet.

লঘ্বী স্ত্রী০ [লঘু+ঙীপ্] লাঘবযুক্তা। Short, light.

লঙ্কা [লক–অচ্+টাপ্] রাবণের পুরী, সিংহল দ্বীপ। The name of the city of Rāvaṇa, the island of Ceylon.

লঙ্কাধিপ পু০ [লঙ্কা+অধিপ], **লঙ্কানাথ** পু০ [লঙ্কা+নাথ], **লঙ্কাপতি** পু০ [লঙ্কা+পতি], **লঙ্কেশ** [লঙ্কা+ঈশ], **লঙ্কেশ্বর** পু০ [লঙ্কা+ঈশ্বর] রাবণ, কুবের। An epithet of Rāvaṇa or Kuvera.

লঙ্ঘন ক্লী০ [লঘ–ল্যুট্] অভোজন, অতিক্রমণ, প্লবন, ক্রমণ, কর্ষণ। Fasting, transgression, jumping.

লঙ্ঘিত ত্রি০ [লঘ–ক্ত] অতিক্রান্ত। Passed over.

লজ্জমান ত্রি০ [লস্জ–শানচ্] লজ্জাযুক্ত। Bashful.

লজ্জা স্ত্রী০ [লস্জ–অ+টাপ্] ব্রীড়া। Shame.

লজ্জালু ত্রি০ [লস্জ–আলুচ্] লজ্জাযুক্ত। Bashful.

লজ্জিত ত্রি০ [লস্জ–ক্ত] লজ্জাযুক্ত। Bashful.

লড্ডু [ক] পু০ [লড–ডু(+ক)] মিষ্টান্নবিশেষ। A kind of sweetmeat.

লতা স্ত্রী০ [লত–অচ্+টাপ্], **লতিকা** স্ত্রী০ [লতা+কন্+টাপ্] বল্লী, শাখা, প্রিয়ঙ্গু, মাধবীলতা, দূর্বা। Creeper, branch, Dūrvā grass.

লতাগৃহ ক্লী০ [লতা+গৃহ], **লতাভবন** ক্লী০ [লতা +ভবন] নিকুঞ্জ। Bower.

লপন ক্লী০ [লপ–ল্যুট্] মুখ, কথন। Mouth, talking.

লপিত ক্লী০ [লপ–ক্ত] কথন। ত্রি০ কথিত। Speech, spoken.

লব্ধ ত্রি০ [লভ–ক্ত] প্রাপ্ত। ক্লী০ লাভ, প্রাপ্তি। স্ত্রী০ লব্ধা—নায়িকাবিশেষ। Obtained; attainment; a type of nāyikā.

লব্ধপ্রশমন ক্লী০ [লব্ধ+প্রশমন] প্রাপ্তবস্তুর রক্ষা। Protecting what has been acquired.

লব্ধবর্ণ পু০ [লব্ধ+বর্ণ] পণ্ডিত। ত্রি০ প্রসিদ্ধি-প্রাপ্ত। Learned.

লব্ধান্তর ত্রি॰ [লব্ধ+অন্তর] লব্ধাবকাশ। One who has found an opportunity.

লব্ধাস্পদ ত্রি॰ [লব্ধ+আস্পদ] লব্ধপ্রতিষ্ঠ। One who has secured a position.

লব্ধি স্ত্রী॰ [লভ–ক্তিন্] প্রাপ্তি, লাভ। Acquisition, gain.

লভ্য ত্রি॰ [লভ–যৎ] প্রাপ্তির যোগ্য, উচিত। Attainable, proper.

লম্পট পু॰ [রম–অটন্] পরস্ত্রীলোলুপ। ত্রি॰ আসক্ত। Profligate, lustful

লম্ফ পু॰ [লম্ফ–অচ্] লাফান। Jumping.

লম্ব পু॰ [লম্ব–অচ্] নর্তক, কান্ত, অঙ্গ, উৎকোচ, অঙ্কশাস্ত্রে সংজ্ঞাবিশেষ। ত্রি॰ লম্বমান, দীর্ঘ। Dancer, lovely, bribe, a mathematical term; pendent, long.

লম্বকর্ণ পু॰ [লম্ব+কর্ণ] ছাগ, অঙ্কোটবৃক্ষ, হস্তী, রাক্ষস, শ্যেনপক্ষী, লম্বমান শ্রোত্র। ত্রি॰ লম্ব-শ্রোত্রযুক্ত। Goat, elephant, demon, falcon ; one with long ears.

লম্বন ক্লী॰ [লম্ব–ল্যুট্] নাভিদেশপর্যন্ত লম্বমান মাল্য। A garland hanging up to the region of the navel.

লম্বমান ত্রি॰ [লম্ব–শানচ্] দোলায়মান। Dangling.

লম্বিত ত্রি॰ [লম্ব–ক্ত] দোলিত। Suspended.

লম্বোদর পু॰ [লম্ব+উদর] গণেশ। ত্রি॰ দীর্ঘোদর-যুক্ত। স্ত্রী॰ লম্বোদরী—তারানামক দেবী। An epithet of Gaṇeśa ; large-bellied ; an epithet of the goddess Tārā.

লম্বোষ্ঠ পু॰ [লম্ব+ওষ্ঠ] উষ্ট্র। Camel.

লম্ভিত ত্রি॰ [লভ–ক্ত] প্রাপিত, প্রদত্ত, বর্ধিত। Procured, given, increased.

লয় পু॰ [লী–অচ্] সংশ্লেষ, বিনাশ, নৃত্য-গীত-বাদ্য প্রভৃতির একতানতারূপ সাম্য, প্রলয়কাল, ঈশ্বর। Union, destruction, a technical term in music and dance.

লয়ন ক্লী॰ [লী–ল্যুট্] সংশ্লেষ, লীন হওয়া। Adhering, dissolution.

ললন ক্লী॰ [লড–ল্যুট্] কেলি। পু॰ [লল–ল্যু] বালক, শাল ও পিয়ালবৃক্ষ। স্ত্রী॰ ললনা—চালন। জিহ্বা, নারী। Sport; child, a kind of tree; tongue, woman.

ললন্তিকা স্ত্রী॰ [লড–ঝচ্+ক+টাপ্] নাভিদেশ পর্যন্ত লম্বমান মালা, গোধা। A long necklace, chameleon.

ললাট ক্লী॰ [লড–অচ্+অট–অণ্] কপাল। The forehead.

ললাটন্তপ ত্রি॰ [ললাট+তপ+ণিচ্–খচ্] ললাট-তাপক। পু॰ সূর্য। Burning the forehead; the sun.

ললাটিকা স্ত্রী॰ [ললাট+ঠন্+ক+টাপ্] ললাট-ভূষণ, ললাটস্থ চিহ্ন। Ornament worn on the forehead, a mark on the forehead.

ললাম ক্লী॰ [লল–অচ্+অম–অণ্] প্রধান, ধ্বজ, শৃঙ্গ, বালধি, চিহ্ন, ভূষা, তিলক, ঘোটক, প্রভাব। The best of its kind, flag, mark, horse.

ললামক ক্লী॰ [ললাম+কন্] ললাট পর্যন্ত সম্মুখ স্থিত মাল্যবিশেষ। A garland worn on the forehead.

ললিত ক্লী॰ [লল–ক্ত] শৃঙ্গারানুগুণ চেষ্টাবিশেষ, চালন। পু॰ স্বরবিশেষ। ত্রি॰ সুন্দর, ঈপ্সিত। স্ত্রী॰ ললিতা—নারী, কস্তূরী, রাধার সখী, নদী-বিশেষ, দুর্গা। Amorous gesture; lovely; woman, musk.

ললিতললিত ত্রি॰ [ললিত+ললিত] অতিশয় সুন্দর। Very beautiful.

লব পু॰ [লু–অপ্] শ্রীরামের পুত্র, কালপরিমাণ-বিশেষ। ক্লী॰ গোলাঙ্গুললোম, বালক, লেশ, বিনাশ, ছেদন, কেশ, জাতীফল, লবঙ্গ, লামজ্জক, ঈষৎ। Name of a son of Rāma; hair, clove, slight.

লবঙ্গ ক্লী॰ [লু–অঙ্গচ্] ফলবিশেষ। Clove.

লবণ পু॰ [লু–ল্যু] রসবিশেষ, সিন্ধুদেশ, সমুদ্র, মধুদৈত্যের পুত্র। ক্লী॰ সৈন্ধবসৌবর্চলবিড়াদিরূপ পদার্থ। ত্রি॰ লবণরসযুক্ত, লাবণ্যযুক্ত। Salt, the sea ; salty, lovely.

লবণা স্ত্রী॰ [লবণ+টাপ্] নদীবিশেষ, দীপ্তি। A river, lustre.

লবণাম্বুরাশি পু॰ [লবণ+অম্বু+রাশি] সমুদ্র। The sea.

লবন ক্লী॰ [লু–ল্যুট্] ছেদন। লবনী—বৃক্ষ। Cutting ; tree.

লবলী স্ত্রী॰ [লব+লা–ক+ঙীপ্] বৃক্ষবিশেষ, নোয়াড়। A kind of tree.

লবিত্র ক্লী॰ [লু–ইত্র] দাত্র, ছেদনাস্ত্র। An instrument for mowing.

লশু[শূ]ন ক্লী॰ [অশ–উ(ঊ)নন্] রশুন। Garlic.

লসিত ক্লী॰ [লস–ক্ত] বিলাস, উল্লাস, চেষ্টা। ত্রি॰ শোভিত। Sport, flash; adorned.

লহরি[রী] স্ত্রী॰ [ল+হৃ–ইন্(+ঙীপ্)] মহাতরঙ্গ। A large wave.

লাক্ষণিক ত্রি° [লক্ষণা+ঠক্] লক্ষণার দ্বারা অর্থ-বোধক শব্দ। [লক্ষণা+ঠন্+অণ্] লক্ষণযুক্ত। Word denoting secondary meaning.

লাক্ষণ্য ত্রি° [লক্ষণ+ষ্যঞ্] শুভাশুভলক্ষণজ্ঞ, লক্ষণযুক্ত। Conversant with signs, relating to signs.

লাক্ষা স্ত্রী° [লক্ষ–অচ্+টাপ্] রঞ্জক পদার্থবিশেষ, জতু। A kind of red dye, lac.

লাক্ষারস পু° [লাক্ষা+রস] অলক্তক রস। Lac dye.

লাঘব ক্লী° [লঘু+অণ্] লঘুত্ব, আরোগ্য। Lightness, recovery.

লাঙ্গল ক্লী° [লগ–কলচ্] ভূমিকর্ষণযন্ত্রবিশেষ, লিঙ্গ, পুষ্পবিশেষ, তালবৃক্ষ, গৃহদারু। Plough, sign, a kind of flower.

লাঙ্গলিক ত্রি° [লাঙ্গল+ঠন্] লাঙ্গলসম্বন্ধীয়, লাঙ্গলযুক্ত। পু° বিষবিশেষ। স্ত্রী° লাঙ্গলিকী—বৃক্ষবিশেষ। Relating to the plough; a kind of venom; a kind of tree.

লাঙ্গলিন্ পু° [লাঙ্গল+ইনি] বলরাম, নারিকেল-বৃক্ষ। ত্রি° লাঙ্গলযুক্ত। An epithet of Balarāma, cocoanut tree.

লাঙ্গূল ক্লী° [লগ–ঊলচ্] লেজ, শেফ। Tail.

লাজ পু° [লাজ–অচ্] পু° আর্দ্র তণ্ডুল, ভৃষ্টধান্য, খৈ। ক্লী° উশীর। Wetted rice, fried grain.

লাঞ্ছন ক্লী° [লাঞ্ছ–ল্যুট্] চিহ্ন, নাম, অঙ্কন। স্ত্রী° লাঞ্ছনা—নিন্দা। Stain, name; blame.

লাঞ্ছিত ত্রি° [লাঞ্ছ–ক্ত] চিহ্নিত। Marked.

লাট পু° [লট–ঘঞ্] দেশবিশেষ, বস্ত্র, জীর্ণালঙ্কার, বিদগ্ধপুরুষ। A country, clothes.

লাটানুপ্রাস পু° [লাট+অনুপ্রাস] শব্দালঙ্কারবিশেষ। A kind of figure of speech.

লাপ পু° [লপ–ঘঞ্] কথন। Talking.

লাভ পু° [লভ–ঘঞ্] প্রাপ্তি, মূলধন হইতে উপার্জিত ধনাদি। Attainment, profit.

লালন ক্লী° [লল–ল্যুট্] স্নেহপূর্বক পালন। Fondling.

লালস ত্রি° [লস+যঙ্লুক্–অচ্] লোলুপ। স্ত্রী° লালসা [লস+যঙ্–অ+টাপ্]—স্পৃহা, অতিশয় ইচ্ছা, যাচ্ঞা, দোহদ। Ardently longing for; solicitation, longing of a pregnant woman.

লালা স্ত্রী° [লল+ণিচ্–অচ্+টাপ্] মুখজাত দ্রব-বিশেষ। Saliva.

লালাটিক ত্রি° [ললাট+ঠঞ্] প্রভুভাগ্যোপজীবী কার্যে অসমর্থ ব্যক্তি, ভাগ্যাধীন, ললাটসম্বন্ধীয়। An worthless fellow depending on the master, dependent on fate.

লালিকা স্ত্রী° [লালা+কন্+টাপ্] সোপহাস উত্তর। A taunting reply.

লালিত ত্রি° [লল+ণিচ্–ক্ত] সেবিত, পালিত। Nursed, brought up.

লালিত্য ক্লী° [ললিত+ষ্যঞ্] মনোহরত্ব। Loveliness.

লাব পু° [লূ–ঘঞ্] পক্ষিবিশেষ। A kind of bird.

লাবণ ত্রি° [লবণ+অণ্] লবণসংস্কৃত ঔষধ। Salted medicine.

লাবণিক ত্রি° [লবণ+ঠণ্] লবণসংস্কৃত ঔষধাদি, লবণবিক্রয়োপজীবী বণিক্‌বিশেষ। Cooked or dressed with salt, a salt merchant.

লাবণ্য ক্লী° [লবণ+ষ্যঞ্] লবণত্ব, দেহসৌন্দর্য-বিশেষ। Saltness, bodily charm.

লাসক পু° [লস–ণ্বুল্], **লাসিক** পু° [লস–ঠক্] নর্তক। Dancer.

লাস্য ক্লী° [লস–ণ্যত্] স্ত্রীনৃত্য, বাদ্য, নৃত্য, এবং গীত—এই তিনটি। Female dance, a dance accompanied with singing and instrumental music.

লিকুচ পু° মাদার বৃক্ষ। A kind of tree.

লিখন ক্লী° [লিখ–ল্যুট্] লেখন, লিপি। Writing, inscription.

লিখিত ক্লী° [লিখ–ক্ত] লেখন, লিপি। পু° মুনি-বিশেষ। Written; name of a sage.

লিঙ্গ ক্লী° [লিগ–অচ্] চিহ্ন, পুরুষচিহ্ন, অনুমিতি-সাধনে হেতু, সাংখ্যশাস্ত্রে প্রধান, শিবমূর্তিবিশেষ, ব্যাপ্য, ব্যক্ত, শব্দনিষ্ঠ পদসাধুতাপ্রযোজক ধর্ম-বিশেষ, অর্থপ্রকাশনসামর্থ্য। Mark, penis, gender.

লিঙ্গশরীর ক্লী° [লিঙ্গ+শরীর] সূক্ষ্মদেহ। The subtle body.

লিঙ্গিন্ ত্রি° [লিঙ্গ+ইনি] চিহ্নযুক্ত, জীবিকার নিমিত্ত সন্ন্যাসাদিচিহ্নযুক্ত। পু° প্রশস্তলিঙ্গযুক্ত গজ। Having a mark, a medicant; a type of elephant.

লিপি[পী] স্ত্রী° [লিপ–ইক্(+ঙীপ্)] লিখিতাক্ষর পত্রাদি, বর্ণ, লেখন। Script.

লিপিক[কা]র পু° [লিপি+কৃ–অচ্(অণ্)] লেখক। Scribe.

লিপিকরপ্রমাদ পু° [লিপিকর+প্রমাদ] লেখককৃত ভ্রম। Scribe's error.

লিপ্ত ত্রি॰ [লিপ–ক্ত] ভুক্ত, মিলিত। Eaten. united.

লিপ্সা স্ত্রী॰ [লভ+সন্–অ+টাপ্] লাভেচ্ছা। Desire for gaining.

লিপ্সু ত্রি॰ [লভ+সন্–উ] লাভেচ্ছু। Desirous of getting.

লিম্পাক পু॰ [লিপ–আকন্] পাতি লেবু, গর্দভ। The citron, an ass.

লীঢ ত্রি॰ [লিহ–ক্ত] আস্বাদিত, স্পৃষ্ট। Tasted, touched.

লীন ত্রি॰ [লী–ক্ত] লয়প্রাপ্ত, সংযুক্ত। Dissolved, attached.

লীলা স্ত্রী॰ [লী–ক্বিপ্+লা–ক+টাপ্] কেলি, বিলাস, শৃঙ্গারাদিজাত চেষ্টা, প্রিয়ানুকরণ। Play, amorous sport.

লীলাগার ক্লী॰ [লীলা+আগার] বিলাসভবন। Pleasure-house.

লীলাবতী স্ত্রী॰ [লীলা+মতুপ্+ঙীপ্] বিলাসবতী স্ত্রী, ভাস্করাচার্যের কন্যা, ভাস্করাচার্যকৃত অঙ্কগ্রন্থ-বিশেষ, মণ্ডনাচার্যের ভার্যা, ন্যায়শাস্ত্রের গ্রন্থ-বিশেষ। Amorous lady, the daughter of Bhāskarācārya.

লুক্কায়িত ত্রি॰ [লুন্চ+ক্বিপ্+কায়+ক্বিপ্–ক্ত] প্রচ্ছন্ন। Concealed.

লুঞ্চিত ত্রি॰ [লুন্চ+ণিচ্–ক্ত] অপসারিত। Cast off.

লুঠন ক্লী॰ [লুঠ–ল্যুট্] অশ্বাদির শ্রমাপনয়নের নিমিত্ত ভূম্যাদিতে পুনঃ পুনঃ অঙ্গচালনা, লোটান। Wallowing.

লুঠিত ত্রি॰ [লুঠ–ক্ত] লোটানো। Rolled down.

লুণ্টন ক্লী॰ [লুণ্ট–ল্যুট্] অপহরণ। Stealing.

লুণ্টাক ত্রি॰ [লুণ্ট–আকন্], **লুণ্টক** ত্রি॰ [লুণ্ট–ণ্বুল্] চৌর। Robber.

লুণ্ঠন ক্লী॰ [লুণ্ঠ–ল্যুট্] অপহরণ। Plundering.

লুপ্ত ত্রি॰ [লুপ–ক্ত] ছিন্ন, নষ্ট। ক্লী॰ অপহৃত ধন। Lost, destroyed; stolen property.

লুব্ধ ত্রি॰ [লুভ–ক্ত] ব্যাধ, লম্পট, লোলুপ। Hunter, libertine, covetous.

লুব্ধক ত্রি॰ [লুব্ধ+কৈ–ক] ব্যাধ, লম্পট। Hunter, covetous.

লুলাপ পু॰ [লুল–ক+আপ্+অণ্], **ললায** পু॰ [লুল–ক+অয়–অণ্] মহিষ। Buffalo.

লুলিত ত্রি॰ [লুল–ক্ত] আন্দোলিত, চালিত। Shaken, tossed about.

লূতা[তিকা] স্ত্রী॰ [লূ–তক্+টাপ্ (+ক+টাপ্)] মাকড়সা, পিপীলিকা, রোগবিশেষ। Spider, ant, a kind of disease.

লূতাতন্তুবিতান পু॰ [লূতা+তন্তু+বিতান] মাকড়সার জাল। Cobweb.

লূন ত্রি॰ [লূ–ক্ত] ছিন্ন, কর্তিত। Severed, cut.

লূনি স্ত্রী॰ [লূ–ক্তিন্] ছেদন। Cutting.

লূম ক্লী॰ [লূ–মক্] লাঙ্গুল। Tail.

লেখ পু॰ [লিখ–ঘঞ্] দেব। ক্লী॰ লেখন। ত্রি॰ লেখ্য। God, writing.

লেখক ত্রি॰ [লিখ–ণ্বুল্] লিপিকর। Writer.

লেখন ক্লী॰ [লিখ–ল্যুট্] পত্রাদিতে বর্ণাদিবিন্যাস, ছর্দন, ভূর্জপত্র, কাশ, চূর্ণবিশেষ। স্ত্রী॰ লেখনী—রোগ-উৎসারণার্থ অস্ত্রবিশেষ, কলম। Writing, birch-leaf; pen.

লেখনিক ত্রি॰ [লেখন+ঠন্] লিপিকর। Scribe.

লেখর্ষভ পু॰ [লেখ+ঋষভ] ইন্দ্র। An epithet of Indra.

লেখহার[রক] ত্রি॰ [লেখ+হৃ–অণ্ (ণ্বুল্)] পত্র-বাহক। Letter-carrier.

লেখ্য ক্লী॰ [লিখ–ণ্যত্] মামলায় ব্যবহৃত দলিল। ত্রি॰ লেখনীয়। A document (in law); to be written.

লেপ পু॰ [লিপ–ঘঞ্] ভোজন, লেপন, চূণকাম, পিতৃদত্ত পিণ্ডশেষ। Eating, smearing.

লেপক ত্রি॰ [লিপ–ণ্বুল্] লেপনকর্তা। One who smears.

লেপন ক্লী॰ [লিপ–ল্যুট্] লেপা, তুরস্কনামক গন্ধ-দ্রব্য। Smearing.

লেলিহান পু॰ [লিহ+যঙ্+চানশ্] শিব, সর্প। ত্রি॰ সাতিশয় বা পুনঃ পুনঃ লেহনকারী। An epithet of Śiva, snake; licking excessively or frequently.

লেশ পু॰ [লিশ–ঘঞ্] অল্প, লব। A very small quantity, just a trace.

লেষ্টু পু॰ [লিষ–তুন্] লোষ্ট। Clod.

লেহ পু॰ [লিহ–ঘঞ্] আহার, আস্বাদ, চাটা। Food, tasting, licking.

লেহন ক্লী॰ [লিহ–ল্যুট্] জিহ্বার দ্বারা আস্বাদ। Licking.

লেহ্য ত্রি॰ [লিহ–ণ্যত্] জিহ্বার দ্বারা আস্বাদ্য। ক্লী॰ অমৃত, আহার। To be licked.

লৈঙ্গ ক্লী॰ [লিঙ্গ+অণ্] মহাপুরাণবিশেষ। ত্রি॰ লিঙ্গসম্বন্ধ। A Mahā-purāṇa.

লোক পু॰ [লোক–ঘঞ্] ভুবন, জন, দর্শন। The world, human being, seeing.

লোকচক্ষুস্ পু॰ [লোক+চক্ষুস্] সূর্য। The sun.

লোকত্রয় ক্লী॰ [লোক+ত্রয়] স্বর্গ, মর্ত ও পাতাল এই তিন ভুবন। The three worlds.

লোকনাথ পু॰ [লোক+নাথ], **লোকপতি** পু॰ [লোক+পতি] ব্রহ্মা, বিষ্ণু, শিব। Epithets of Brahmā, Viṣṇu and Śiva.

লোকপাল পু॰ [লোক+পাল] নৃপ, ইন্দ্রাদি দিক্পাল। ত্রি॰ লোকরক্ষক। King, the deities guarding the quarters; protector of the world.

লোকপ্রকাশক পু॰ [লোক+প্রকাশক] সূর্য। The sun.

লোকমহেশ্বর ত্রি॰ [লোক+মহেশ্বর] ঈশ্বর। God.

লোকমাতৃ স্ত্রী॰ [লোক+মাতৃ] লক্ষ্মী। An epithet of Lakṣmī.

লোকযাত্রা স্ত্রী॰ [লোক+যাত্রা] সংসারযাত্রা, জীবনযাত্রা। Worldly affairs.

লোকবাহ্য ত্রি॰ [লোক+বাহ্য] লোকবহির্ভূত। Excluded from the society.

লোকসংগ্রহ পু॰ [লোক+সংগ্রহ] লোকসমুদায়, লোকের মঙ্গল। The whole universe, welfare of the world.

লোকসাক্ষিন্ পু॰ [লোক+সাক্ষিন্] সূর্য। The sun.

লোকস্থিতি স্ত্রী॰ [লোক+স্থিতি] লোকমর্যাদা। Conduct of the people.

লোকাচার পু॰ [লোক+আচার] লোকব্যবহার। Popular custom.

লোকাতিগ ত্রি॰ [লোক+অতি+গম–ড] অলৌকিক। Supernatural.

লোকান্তর ক্লী॰ [লোক+অন্তর] পরলোক। The other world.

লোকাপবাদ পু॰ [লোক+অপবাদ] লোকনিন্দা। Public scandal.

লোকায়ত পু॰ [লোক+আয়ত] চার্বাকাদিমতাবলম্বী। ক্লী॰ দার্শনিকমতবিশেষ। Materialist.

লোকায়তিক পু॰ [লোকায়ত+ঠন্] চার্বাক। ত্রি॰ লোকায়ত-মতাবলম্বী। The materialist Cārvāka.

লোকালোক পু॰ [লোক+অলোক] পুরাণোক্ত পর্বতবিশেষ। Name of a mythical mountain.

লোকেশ পু॰ [লোক+ঈশ] ব্রহ্ম, নৃপতি, পারদ। Brahman, king, quicksilver.

লোকোত্তর ত্রি॰ [লোক+উত্তর] অসাধারণ। Uncommon.

লোচক ক্লী॰ [লোচ–ণ্বুল্] মাংসপিণ্ড, অক্ষিতারকা, কজ্জল, স্ত্রীদিগের ললাটাভরণ, নীলবস্ত্র, কর্ণপূর, কদলী, মূর্বা, নির্বুদ্ধি, সর্পকঞ্চুক। A lump of flesh, collyrium, blue cloth, stupid.

লোচন ক্লী॰ [লোচ–ল্যুট্] নেত্র, দর্শনক্রিয়া। স্ত্রী॰ লোচনা [লোচ–যুচ্+টাপ্]—দর্শন, আলোচন। লোচনী [লোক–যুচ্+ঙীপ্]—মহাপ্রাণিকীট। The eye, seeing; discusion, a kind of worm.

লোটন ক্লী॰ [লোট–ল্যুট্] ভূম্যাদিতে অঙ্গচালন। Rolling on the ground.

লোধ[ধ্র] পু॰ [রুধ–অচ্ (রন্)] বৃক্ষবিশেষ। A kind of tree.

লোপ পু॰ [লুপ–ঘঞ্] বিনাশ, ছেদন, আকুলীভাব, ব্যাকরণশাস্ত্রে অদর্শনরূপ নাশ। Destruction, cutting, elision (in grammar).

লোপা স্ত্রী॰ [লোপ+ণিচ্–অচ্+টাপ্], **লোপামুদ্রা** [লোপা+মুদ+রা–ক+টাপ্] অগস্ত্যমুনিপত্নী। Wife of the sage Agastya.

লোপ্ত্র ক্লী॰[লুপ–ষ্ট্রন্]স্তেয় ধন। Stolen property.

লোভ পু॰ [লুভ–ঘঞ্] পরদ্রব্যে সাতিশয় অভিলাষ। Covetousness.

লোভনীয় ত্রি॰ [লুভ–অনীয়র্] লোভজনক। Alluring.

লোভিন্ ত্রি॰ [লুভ–ণিনি] পরদ্রব্যে সাতিশয় তৃষ্ণাযুক্ত। Greedy, covetous.

লোভ্য ত্রি॰ [লুভ–যত্] লোভনীয়। Alluring.

লোম ক্লী॰ [লূ–মন্] দেহজাত রোম। The hair of the body.

লোমপাদ পু॰ [লোম+পাদ] অঙ্গদেশস্থ নৃপ। Name of a king af Aṅga.

লোমশ পু॰ [লোম+শ] মুনিবিশেষ, মেষ। ত্রি॰ লোমযুক্ত। স্ত্রী॰ লোমশা—কাকজঙ্ঘা, জটামাংসী, বচ, শুকশিম্বী, অতিবলা। Name of a sage; hairy; name of some drugs.

লোমহর্ষণ ক্লী॰ [লোম+হর্ষণ] রোমাঞ্চ। Horripilation.

লোল ত্রি॰ [লোড–অচ্] সতৃষ্ণ, চঞ্চল। স্ত্রী॰ লোলা—জিহ্বা, লক্ষ্মী। Covetous, fickle ; tongue, an epithet of Lakṣmī.

লোলিত ত্রি॰ [লুল+ণিচ্–ক্ত] চালিত। Shaken.

লোলুপ[ভ] ত্রি॰ [লুভ+যঙ্–অচ্] অতিলোভযুক্ত। Greedy.

লোষ্ট[ষ্টু] পু॰, ক্লী॰ [লোষ্ট–অচ্(রন্)] মৃৎপিণ্ড। ক্লী॰ লৌহমল। Lump of clay ; rust of iron.

লোহ পু॰ [লু–বিচ্+হা–ক] ধাতুবিশেষ, ধাতু, রুধির। ক্লী॰ অগুরুচন্দন। Iron, metal, blood; the Aguru sandal.

লোহকার পু॰ [লোহ+কৃ–অণ্] কর্মকার। Blacksmith.

लोहकिट्ट क्लीं० [लोह+किट्ट] লৌহমল। Rust of iron.

लोहपृष्ठ पुं० [लोह+पृष्ठ] কঙ্কপক্ষী। Heron.

लोहमय [लोह+मयट्], **लौहमय** त्रि० [लौह+मयट्] লোহ দ্বারা প্রস্তুত। Made of iron.

लोहवर क्लीं० [लोह+वर] ধাতুশ্রেষ্ঠ স্বর্ণ। Gold.

लोहित क्लीं० [रुह–इतच्] কুঙ্কুম, রক্তচন্দন, পতঙ্গ, হরিচন্দন, রুধির, যুদ্ধ। পুং নদবিশেষ, মর্দন, রক্তবর্ণ, সর্প, মৃগবিশেষ, রোহিতমৎস্য, মসুর, বন, সরোবর। ত্রি০ রক্তবর্ণযুক্ত। Saffron, red sandal; a river, red colour, snake; reddish.

लोहितक क्लीं० [लोहित+कै–क] পিত্তল। পুং [लोहित+कन्] পদ্মরাগমণি, মঙ্গলগ্রহ। Brass; ruby, the planet Mars.

लोहिताक्ष पुं० [लोहित+अक्षिन्+षच्] বিষ্ণু, কোকিল। ত্রি০ রক্তনেত্রযুক্ত। Name of Viṣṇu, cuckoo; one having red eyes.

लोहिताङ्ग पुं० [लोहित+अङ्ग] মঙ্গলগ্রহ, কাম্পিল্লবৃক্ষ। The planet Mars, a kind of tree.

लोहितायस् क्लीं० [लोहित+अयस्], **लोहितायस** क्लीं० [लोहित+अयस्+अच्] তাম্র। Copper.

लोहिनी स्त्री० [लोहित+ङीप्] রক্তবর্ণা। Reddish.

लौकिक त्रि० [लोक+ठण्] জাগতিক, লোকপ্রসিদ্ধ, লোকহিত। Worldly.

लौल्य क्लीं० [लोल+ष्यञ्] চাঞ্চল্য, লোভ। Fickleness, greed.

लौह पुं०, क्लीं० [लोह+अण्] ধাতুবিশেষ। Iron.

लौहकार पुं० [लौह+कृ–अण्] কামার। Blacksmith.

लौहमणि पुं० [लौह+मणि] স্বর্ণ। Gold.

लौहमल क्लीं० [लौह+मल] লোহকিট্ট। Rust of iron.

लौहित्य क्लीं० [लोहित+ष्यञ्] রক্তবর্ণ, রক্তত্ব। পুং ব্রহ্মপুত্রনদবিশেষ। Red colour; redness; name of a river.

व

व पुं० [वा–ड] অন্তঃস্থবর্ণ, বায়ু, বরুণ, সমুদ্র, সান্ত্বন, মন্ত্রণ, রাহু, কল্যাণ, ব্যাঘ্র, বসন, শালুক, বন্দন। ত্রি০ বলবান্। অব্য০ সাদৃশ্য। Twentyninth consonant, wind, Varuṇa, ocean, tiger; strong; similarity.

वंश पुं० [वम–श] পুত্রপৌত্রাদি অপত্যবর্গ, বাঁশ। Lineage, bamboo.

वंशज त्रि० [वंश+जन–ड] বংশবৃক্ষজাত, সৎকুলজাত। Sprung from the bamboo, sprung from a good family.

वंशधर त्रि० [वंश+धर] কুলাবিচ্ছেদকারক সন্তান। Lineal descendant.

वंशपत्रपतित क्लीं० সপ্তদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। A kind of seventeen-syllabled metre.

वंशरो[लो]चना स्त्री० [वंश+रुच–ल्यु+टाप्] বাঁশের পর্বমধ্যস্থ শ্বেতবর্ণ দ্রব্যবিশেষ। Bamboo-manna.

वंशस्थविल क्लीं० **वंशस्य** क्लीं०, **वंशस्या** स्त्री० দ্বাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। A kind of twelve-syllabled metre.

वंशी स्त्री० [वंश+ङीप्] বাঁশী। Flute.

वंशीधर पुं० [वंशी+धर] শ্রীকৃষ্ণ। An epithet of Kṛṣṇa.

वंश्य त्रि० [वंश+यत्] সৎকুলজাত। Born in a good family.

वक पुं० [वक–अच्] বিহগবিশেষ, পুষ্পবিশেষ, রাক্ষসবিশেষ, কুবের। Crane, a kind of flower, a demon, an epithet of Kuvera.

वकपञ्चक क्लीं० [वक+पञ्चक] কার্তিক শুক্লপক্ষের একাদশী প্রভৃতি তিথিপঞ্চক। Name of the last five tithis of the bright half of the month Kārttika.

वकवृत्ति त्रि० [वक+वृत्ति] শঠ। Deceitful.

वकव्रतिन् त्रि० [वकव्रत+इनि] বকরূপ ব্রতধারী। Hypocrite.

वकुल पुं० [वक–कुलच्] পুষ্পবৃক্ষবিশেষ, কটুকা, কাকোলী। A kind of tree.

वक्तव्य त्रि० [वच–तव्य] কথনীয়, কুৎসিত। ক্লী০ কথন, দূষণ। Fit to be said, vile; speaking, blame.

वक्तृ त्रि० [वच–तृच्] ভাষণকারী, বাগ্মী। পুং পণ্ডিত। Speaker; learned.

वक्तृता स्त्री० [वक्तृ+तल्+टाप्] বাগ্মিতা, বাগ্‌বিন্যাস। Eloquence, speech.

वक्त्र क्लीं० [वच–ष्ट्रन्] মুখ, বসনবিশেষ, ছন্দোবিশেষ। Mouth, a sort of garment, name of a metre.

वक्र त्रि० [वक–रन्] কুটিলগতিযুক্ত। পুং শনৈশ্চর, মঙ্গলগ্রহ, রুদ্র, ত্রিপুরাসুর। ক্লী০ নদীর বাঁক। Curved; the planet Saturn or Mars.

वक्रिमन् पुं० [वक्र+इमनिच्] কৌটিল্য। Crookedness.

বক্রোক্তি স্ত্রী° [বক্রা+উক্তি] কুটিলোক্তি, অর্থালঙ্কার-বিশেষ। Crooked utterance, a figure of speech.

বক্ষস্ ক্লী° [বক্ষ-অসুন্] হৃদয়। Breast.

বক্ষোজ পু° [বক্ষস্+জন-ড], **বক্ষোরুহ** পু° [বক্ষস্+রুহ-ক] স্তন। The female breast.

বক্ষ্যমাণ ত্রি° [বচ-স্যমান] পরে বক্তব্য। To be said.

বগাহ পু° [অব+গাহ-ঘঞ্] অবগাহন। Bathing.

বঙ্ক পু° [বক-ঘঞ্] নদীর বাঁক। স্ত্রী° বঙ্কা—পল্যয়ন। The bend of the river; The pummel of a saddle.

বঙ্ক্ষণ পু° [বক্ষ-ল্যুট্] উরুসন্ধি। Thigh-joint.

বঙ্গ পু° বাংলা দেশ। Bengal.

বঙ্গজ ত্রি° [বঙ্গ+জন-ড] বঙ্গদেশজাত। Born in Bengal.

বচন ক্লী° [বচ-ল্যুট্] কথন, বাক্য। পু° [বচ-ল্যু] শুণ্ঠি। Speaking, speech; a kind of medicinal root.

বচনীয় ত্রি° [বচ-অনীয়র্] কথনীয়, নিন্দনীয়। ক্লী° নিন্দা। To be said, censurable.

বচনীয়তা স্ত্রী° [বচনীয়+তল্+টাপ্] নিন্দা। Blame.

বচনেস্থিত ত্রি° [বচনে+স্থিত] বাক্যপ্রতিপালক, বশীভূত। Obedient, subdued.

বচস্ ক্লী° [বচ-অসুন্] বাক্য। Speech.

বচা স্ত্রী° [বচ-অচ্+টাপ্] ভেষজবিশেষ। A kind of medicinal root.

বজ্র পু°, ক্লী° [বজ-রন্] হীরক, ইন্দ্রের অস্ত্রবিশেষ, বালক। ক্লী° ধাত্রী, কাঞ্জিক, লৌহবিশেষ, অভ্র-বিশেষ, জ্যোতিষশাস্ত্রে যোগবিশেষ। পু° কোকিলাক্ষবৃক্ষ, শ্বেতকুশ। Diamond, the thunderbolt; the weapon of Indra, nurse, iron; a kind of kuśa grass.

বজ্রধর পু° [বজ্র+ধর], **বজ্রিন্** পু° [বজ্র+ইনি] ইন্দ্র, পেচক। Name of Indra, owl.

বঞ্চক পু° [বঞ্চ+ণিচ্-ণ্বুল্] শৃগাল। ত্রি° খল, প্রতারক। Jackal; decitful, cheat.

বঞ্চন ক্লী° [বঞ্চ-ল্যুট্] প্রতারণ। Cheating.

বঞ্চিত ত্রি° [বঞ্চ-ক্ত] প্রতারিত। Deceived.

বঞ্জুল পু° [বঞ্চ-উলচ্] অশোকবৃক্ষ, বেতসবৃক্ষ, স্থলপদ্মবৃক্ষ, তিনিশবৃক্ষ, পক্ষিবিশেষ। স্ত্রী° বঞ্জুলা—বহুদুগ্ধা গাভী। ত্রি° বক্র। The Aśoka tree, a kind of bird, a cow yielding much milk; curved.

বট পু° [বট-অচ্] বৃক্ষবিশেষ। ত্রি° শণনির্মিত-তন্তু। The fig tree; thread made of jute fibres.

বটক পু° [বট-ক্বুন্] পিষ্টকবিশেষ। A kind of cake.

বটী স্ত্রী° [বট-অচ্+ঙীপ্] রজ্জু। Rope.

বটু পু° [বট-উ] মাণবক, ব্রহ্মচারী। Boy, a brahmacārin.

বটুক পু° [বট-উক] বালক, ভৈরববিশেষ। Boy, Bhairava

বডভি[ভী] স্ত্রী° [বড-অভি(+ঙীপ্)] গৃহচূড়া, চিলেঘর। The topmost part of a house, turret.

বডবা স্ত্রী° [বল+বা-ক] ঘোটকী। Mare.

বডা স্ত্রী° [বড-অচ্+টাপ] পিষ্টকবিশেষ। A kind of cake.

বডিশ ক্লী° [বড-ইন্+শো-ক] মৎস্য বেধনের জন্য বক্র লৌহকণ্টকযুক্ত পদার্থ। Fish-hook.

বড্র ত্রি° [বল-রক্] বৃহৎ। Large.

বণ্ট পু° [বণ্ট-অচ্] ভাগ, দাত্রাদির ধারণস্থান। Share, the handle of a sickle.

বণ্টন ক্লী° [বণ্ট-ল্যুট্] বিভজন। Dividing.

বণ্ঠ ত্রি° [বণ-ঠ] খর্ব, অকৃতোদ্বাহ। পু° কুন্তায়ুধ। Dwarfish, unmarried; javelin.

বণ্ড ত্রি° [বড-অচ্] অকৃতোদ্বাহ, অনাবৃতমেঢ্র। স্ত্রী° বণ্ডা—পাংশুলা স্ত্রী। Unmarried.

বত্ অব্য° [বা-ডতি] সাদৃশ্য। Likeness.

বত অব্য° [বন-ক্ত] খেদ, অনুকম্পা, হর্ষ, বিস্ময়। A particle signifying sorrow, pity, joy.

বতংস পু° [অব+তনস-ঘঞ্] কর্ণভূষণবিশেষ, শিরো-ভূষণ, ভূষণ। Ear-ornament, ornament worn on the head, ornament.

বত্স ক্লী° [বস-স] গবাদিশিশু, বক্ষঃস্থল। পু° বৎসতর, চন্দ্রবংশীয় রাজবিশেষ। The young of an animal, breast.

বত্সতর পু° [বত্স+তরপ্] ক্ষুদ্র বৎস। Little calf.

বত্সনাভ পু° [বত্স+নম-অণ্] স্থাবরবিষবিশেষ। A kind of very strong poison.

বত্সর পু°[বস-সরন্] দ্বাদশমাসাত্মক কাল। Year.

বত্সরাজ পু° [বত্স+রাজন্+টচ্] নৃপবিশেষ। King of the Vatsa country.

বত্সল ত্রি° [বত্স+লা-ক] স্নেহযুক্ত। পু° বাৎসল্য-রস, বিষ্ণু। ত্রি° বাৎসল্যরসযুক্ত। Affectionate; a sentiment, an epithet of Viṣṇu.

वद त्रि॰ [वद्–अच्] বক্তা। Speaker.

वदन क्ली॰ [वद्–ल्युट्] মুখ, বচনেন্দ্রিয়, কথন। Face, mouth, speaking.

वदर पु॰ [वद्–अरच्] কুলগাছ। क्ली॰ কার্পাসফল। Plum tree.

वदान्य त्रि॰ [वद्+अन्य] প্রভূত দানশীল, প্রিয়বাদী। Charitable.

वदावद त्रि॰ [वद्–अच्] বহুবক্তা। Talkative.

वधू स्त्री॰ [वह्–ऊ] ভার্যা, নবোঢ়া, পুত্রজায়া। Spouse, bride.

वधूटी स्त्री॰ [वधु+टी] অল্পবয়স্কা নারী। A young woman.

वन क्ली॰ [वन्–अच्] অরণ্য, জল, নিবাস, আলয়, প্রস্তরণ। Forest, water, residence, house.

वनज क्ली॰ [वन+जन–ड] পদ্ম, মুস্তকবিশেষ। त्रि॰ বনজাত। Lotus, a kind of grass ; born in the forest.

वनमाला स्त्री॰ [वन+माला] আজানুলম্বিত মালা। Long garland.

वनमालिन् पु॰ [वनमाला+इनि] শ্রীকৃষ্ণ। स्त्री॰ वनमालिनी—দ্বারকাপুরী, বারাহীলতা। An epithet of Kṛṣṇa; name of the town of Dvārakā.

वनलक्ष्मी स्त्री॰ [वन+लक्ष्मी] কদলী। Plantain.

वनव्रीहि पु॰ [वन+व्रीहि] নীবার। Wild rice.

वनस्पति पु॰ [वन+पति] অশ্বত্থাদি বৃক্ষ, বৃক্ষ। A large forest-tree, tree.

वनहास पु॰ [वन+हास] কাশতৃণ। Kāśa grass.

वनान्त पु॰ [वन+अन्त] বনের প্রান্তভাগ। Borders of a forest.

वनायुज पु॰ [वनायु+जन–ड] প্রশস্ত ঘোটক। A horse of good breed.

वनिता स्त्री॰ [वन–इत+टाप्] যোষিৎ, অনুরক্তা স্ত্রী। Woman, devoted wife.

वनीयक त्रि॰ [वन–इन्+क्यच्–ण्वुल्] যাচক। Beggar.

वनेचर त्रि॰ [वने+चर–ट] অরণ্যচারী। Forester.

वनौकस् त्रि॰ [वन+ओकस्] বনবাসী। पु॰ বানর। Forester; monkey.

वन्दन क्ली॰ [वद्–ल्युट्] স্তবন, প্রণাম। Praising, obeisance.

वन्दनीय त्रि॰ [वन्द्–अनीयर्] নমনীয়, স্তবনীয়। पु॰ পীত ভৃঙ্গরাজ। स्त्री॰ वन्दनीया—গোরোচনা। Fit to be saluted; yellow pigment.

वन्दारु त्रि॰ [वन्द्–आरु] বন্দনশীল। Respectful.

वन्दि[न्दी] स्त्री॰ [वन्द्–इन्(+ङीप्)] কয়েদী, বন্দন, সোপানক। Captive, praise.

वन्दिन् त्रि॰ [वन्द्–णिनि] স্তুতিপাঠক। Panegyrist.

वन्द्य त्रि॰ [वन्द्–यत्] বন্দনীয়। स्त्री॰ वन्द्या—গোরোচনা, বন্দা। Adorable; yellow pigment.

वन्य त्रि॰ [वन–यत्] বনজাত। क्ली॰ দারুচিনি। पु॰ বারাহীকন্দ, বনশূরণ। स्त्री॰ वन्या—জলসমূহ, বনসমূহ, মুদ্গপর্ণী, গোপালকর্কটী, গুঞ্জা, গন্ধপত্রা। Wild; cinnamon; flood, forest.

वपन क्ली॰ [वप्–ल्युट्] কেশমুণ্ডন, বীজাধান, তন্ত্বাধান। Shaving, sowing.

वपा स्त्री॰ [वप्–अच्+टाप्] চর্বী, ছিদ্র। Fat, hole.

वपुस् क्ली॰ [वप्–उसि] শরীর, প্রশস্ত আকার। Body, beautiful form.

वप्तृ पु॰ [वप्–तृच्] জনক, কৃষীবল। त्रि॰ বীজাদি বপনকর্তা। Procreator; sower of seed.

वप्र पु॰, क्ली॰ [वप्–रन्] দুর্গাদির প্রাচীর, ক্ষেত্র, রেণু, তট। क्ली॰ সীসক। पु॰ জনক, প্রাচীর, প্রজাপতি। स्त्री॰ वप्रा—মঞ্জিষ্ঠা। Rampart, field, pollen, bank; lead; producer, wall.

वप्रक्रिया स्त्री॰ [वप्र+क्रिया], **वप्रक्रीड़ा** स्त्री॰ [वप्र+क्रीड़ा] হস্তী অথবা বৃষের শৃঙ্গদন্তাদির দ্বারা খননকেলি। The playful butting of an ox or elephant.

वम पु॰ [वम्–क], **वमथु** पु॰ [वम्–अथुच्] বমন, উদ্গিরণ। Vomiting.

वमन क्ली॰ [वम्–ल्युट्] আহুতি, নিঃসারণ, মর্দন, ছর্দন। स्त्री॰ वमनी—জলৌকা। Offering oblations, vomiting; leech.

वमि स्त्री॰ [वम्–इन्] বমন। Vomiting.

वमित त्रि॰ [वम+णिच्–क्त] কৃতোদ্গার। Vomited.

वयःस्थ, वयस्थ त्रि॰ [वयस्+स्था–क] যুবা, পূর্ণবয়োযুক্ত। Young, grown up.

वयस् क्ली॰ [अज–असुन्] বিহগ, বাল্যাদি অবস্থা। Bird, age.

वयस्य पु॰ [वयस्+यत्] সমানবয়স্ক, সখা। स्त्री॰ वयस्या—সখী। Of the same age; a female companion.

वयोऽतीत त्रि॰ [वयस+अतीत] বৃদ্ধ। Aged, old.

वर क्ली॰ [वृ–अप्] কুঙ্কুম, অপেক্ষাকৃত ভাল, ইচ্ছা, যাচন, আবরণ, বেষ্টন। त्रि॰ অভীষ্ট, শ্রেষ্ঠ। पु॰ জার, জামাতা, গুগ্গুল, পতি। Saffron, better, desire, solicitation; best, bridegroom, husband.

বরট ক্লী৹ [বৃ–অটন্] কুন্দপুষ্প, বোলতা, হংস। Kunda flower, wasp, gander.

বরণ ক্লী৹ [বৃ–ল্যুট্] কন্যাদিদানের নিমিত্ত জামাত্রাদির অভ্যর্থনানুকূল ব্যাপারবিশেষ, বেষ্টন। পু৹ উষ্ট্র, প্রাকার, বরুণবৃক্ষ। স্ত্রী৹ বরণা—কাশীস্থ নদীবিশেষ। Act of welcoming bride-groom etc. ceremoniously, surrounding; camel, wall, the tree called Varuṇa; name of a river in Vārāṇasi.

বরণ্ডক পু৹, ক্লী৹ [বৃ–অণ্ডচ্+ক] রোগবিশেষ, বর্তুল, ভিত্তি। ত্রি৹ বিশাল, কৃপণ, ভীত। A disease, round; large, miser.

বরত্রা স্ত্রী৹ [বৃ–অত্রচ+টাপ্] হস্তিকক্ষস্থরজ্জু। Strap.

বরদ ত্রি৹ [বর+দা–ক] অভীষ্টদাতা, প্রসন্ন। স্ত্রী৹ বরদা—কন্যা, অশ্বগন্ধা, আদিত্যভক্তা, দুর্গা। Benefactor, gracious; maiden, an epithet of Durgā.

বরম্ ক্লী৹ [বৃ–অমু] ঈষদভীষ্ট। Preferable.

বরয়িতৃ পু৹ [বৃ+ণিচ্–তৃচ্] পতি। স্ত্রী৹ বরয়িত্রী—পত্নী। Husband; wife.

বররুচি ত্রি৹ [বর+রুচি] শ্রেষ্ঠরুচিযুক্ত। পু৹ পাণিনিসূত্রবার্ত্তিককার কাত্যায়নমুনি, বিক্রমাদিত্যের সভাস্থ পণ্ডিতবিশেষ। One having noble taste; author of the Vārttikas on Pāṇini's sūtras.

বরবর্ণিনী স্ত্রী৹ [বর+বর্ণিনী] উত্তমা স্ত্রী, লাক্ষা, হরিদ্রা, রোচনা, ফলিনী, সাধ্বী, গৌরী, লক্ষ্মী, পার্বতী। Excellent woman, lac, turmeric, chaste lady, Lakṣmī.

বরাক [বৃ–ষাকন্] শিব। An epithet of Śiva.

বরাঙ্গ ক্লী৹ [বর+অঙ্গ] মস্তক, গুহ্য, যোনি, দারচিনি। পু৹ গজ, বিষ্ণু, কামদেব। ত্রি৹ শ্রেষ্ঠাবয়বযুক্ত। স্ত্রী৹ বরাঙ্গী—হরিদ্রা। Head, cardamom; elephant, Viṣṇu; turmeric.

বরাট পু৹ [বরম্+অট–অণ্] কপর্দ, রজ্জু। Rope.

বরাটক পু৹ [বর+অট–ণ্বুল্] পদ্মবীজাধার কোষ। The seed-vessel of the lotus flower.

বরারোহা স্ত্রী৹ [বর+আরোহ+টাপ্] প্রশস্তনিতম্ববতী স্ত্রী। A woman having beautiful hips.

বরাহ পু৹ [বর+আ–হন–ড] শূকর, ভগবানের অবতারবিশেষ, পর্বতবিশেষ, মুস্তক, মানবিশেষ, শিশুমার, বারাহীকন্দ, দ্বীপবিশেষ। Boar, an incarnation of God.

বরিবস্ অব্য৹ [বৃ–বসুন্] পূজন, ধন। Worshipping, wealth.

বরিবসি[স্যি]ত ত্রি৹ [বরিবস্+ক্যচ্–ক্ত] পূজিত। Worshipped.

বরিবসিতৃ ত্রি৹ [বরিবস্+ক্যচ্–তৃচ্] পূজক। Worshipper.

বরিবস্যা স্ত্রী৹ [বরিবস্+ক্যচ্–অ+টাপ্] পূজন, শুশ্রূষা। Worship.

বরিষ্ঠ ত্রি৹ [উরু+ইষ্ঠন্] উরুতম। পু৹ তিত্তিরিপক্ষী, নাগরঙ্গবৃক্ষ। ক্লী৹ তাম্র, মরীচ। Best; partridge, a kind of tree.

বরীয়স্ ত্রি৹ [উরু+ঈয়সুন্] উরুতর। পু৹ অষ্টাদশ যোগবিশেষ। Better, wider.

বরুণ পু৹ [বৃ–উনন্] পশ্চিমদিকের অধিপতি, জলেশ, জল, সূর্য, দ্বীপবিশেষ। স্ত্রী৹ বরুণা—কাশীস্থ নদীবিশেষ। The lord of western quater, water ; name of a river.

বরুণাত্মজা স্ত্রী৹ [বরুণ+আত্মজা] জলভব মদ্য। Spiritous liquor.

বরুণানী স্ত্রী৹ [বরুণ+ঙীপ্] বরুণপত্নী। Varuṇa's wife.

বরূথ পু৹ [বৃ–ঊথন্] রথগুপ্তিস্থান। ক্লী৹ চর্ম। A sort of wooden fence provided in a chariot as a defence ; leather.

বরূথিনী স্ত্রী৹ [বরূথ+ইনি+ঙীপ্] সেনা। Army.

বরেণ্য ত্রি৹ [বৃ–এন্য] শ্রেষ্ঠ, প্রার্থনীয়। Best, fit to be solicited.

বরেন্দ্র পু৹ [বর+ইন্দ্র] ইন্দ্র, রাজা। স্ত্রী৹ বরেন্দ্রী—গৌড়দেশ। Indra, king ; the Gauḍa region.

বর্কর পু৹ [বৃক–অরন্] তরুণপশু, মেষশাবক, ছাগ, পরিহাস। Any young animal, lamb, goat.

বর্গ পু৹ [বৃজ–ঘঞ্] সজাতীয়সমূহ, সংঘ। A class, group.

বর্গীয় ত্রি৹ [বর্গ–ছ], **বর্গ্য** ত্রি৹ [বর্গ+যৎ] বর্গসম্বন্ধীয়। Belonging to a class or category.

বর্চস্ ক্লী৹ [বর্চ–অসুন্] রূপ, শুক্র, তেজঃ, বিষ্ঠা। পু৹ চন্দ্রপুত্র। Form, semen, lustre ; son of Candra.

বর্চস্বিন্ ত্রি৹ [বর্চস্+বিনি] তেজস্বী। Vigorous, luminous.

বর্জন ক্লী৹ [বৃজ–ল্যুট্] ত্যাগ, হিংসা, মারণ। Giving up, envy, killing.

বর্জনীয় ত্রি০ [বৃজ–অনীয়র্] ত্যাগের যোগ্য। Fit to be forsaken.

বর্জিত ত্রি০ [বৃজ–ক্ত] ত্যক্ত। Abandoned.

বর্ণ ক্লী০ [বর্ণ–অচ্] কুঙ্কুম। পু০ স্বর্ণ, ব্রত, শুক্লাদি-রূপ, অকারাদি অক্ষর, ভেদ, গীতক্রম, চিত্র, তাল-বিশেষ, অঙ্গরাগ, গজচিত্রকম্বল, যশস্, গুণ, স্তুতি, ব্রাহ্মণাদি জাতি। Saffron ; gold, colour, alphabet, praise, caste.

বর্ণক ত্রি০ [বর্ণ–ণ্বুল্] অনুলেপনযোগ্য। ক্লী০ হরিতাল। Anything fit for smearing.

বর্ণধর্ম পু০, ক্লী০ [বর্ণ+ধর্ম] বিপ্রাদির ধর্ম। The duties of a caste.

বর্ণন ক্লী০ [বর্ণ–ল্যুট্] কথন। স্ত্রী০ বর্ণনা—স্তুতি, প্রশস্তি। Description ; praise.

বর্ণসঙ্কর পু০ [বর্ণ+সঙ্কর] বর্ণসমূহের অনুলোম বা প্রতিলোম মিশ্রণ। Intermixture of castes.

বর্ণিকা স্ত্রী০ [বর্ণ+ঠন+টাপ্] লেখনী, কঠিনী, মসী। [বর্ণক+টাপ্] গ্রন্থবিশেষ। Pen, ink.

বর্ণিত ত্রি০ [বর্ণ–ক্ত] স্তুত, কৃতবর্ণন। Praised, described.

বর্ণিন্ পু০ [বর্ণ–ইনি] চিত্রকর, লেখক, ব্রহ্মচারী, বিপ্রাদিজাতি। Painter, writer, a Brahmacārin.

বর্ণিলিঙ্গিন্ পু০[বর্ণিন্+লিঙ্গিন্] ব্রহ্মচারিবেশধারী। Dressed as a Brahmacārin.

বর্ণ্য ত্রি০ [বর্ণ–যত্] বর্ণনীয়। Fit to be described.

বর্তক পু০ [বৃত–ণ্বুল্] পক্ষিবিশেষ, অশ্বের ক্ষুর। স্ত্রী০ বর্তকা—স্ত্রী পক্ষিবিশেষ। A kind of bird, horse's hoof.

বর্তন ক্লী০ [বৃত–ল্যুট্] বৃত্তি, স্থিতি। [বৃত+ণিচ্–ল্যুট্] স্থাপন। ত্রি০ [বৃত–ল্যু] বৃত্তিযুক্ত, বামন। Profession, staying ; employed, dwarf.

বর্তমান পু০ [বৃত–শানচ্] কালবিশেষ। ত্রি০ বিদ্যমান। The present time ; present.

বর্তি[র্ত্তী] স্ত্রী০ [বৃত–ইন্(+ঙীপ্)] লেখ, নয়নাঞ্জন, দীপদশা। The wick of a lamp.

বর্তিক পু০ [বৃত–তিকন্] বিহগবিশেষ। A kind of bird.

বর্তিকা স্ত্রী০ [বর্তক+টাপ্] দীপদশা। The wick of a lamp.

বর্তিত ত্রি০ [বৃত+ণিচ্–ক্ত] নিষ্পাদিত। Accomplished.

বর্তিন্ ত্রি০ [বৃত–গিনি], **বর্তিষ্ণু** ত্রি০ [বৃত–ইষ্ণুচ্] স্থিতিশীল। Stationary.

বর্তিষ্যমান ত্রি০ [বৃত–শানচ্(লৃটঃ)] ভবিষ্যৎকাল, ভাবী। Future time, future.

বর্তুল ত্রি০ [বৃত–উলচ্] গোলাকার পদার্থ। পু০ কলায়বিশেষ। Globular.

বর্ত্মন্ ক্লী০ [বৃত–মনিন্] পথ, আচার। Way, custom.

বর্ধ পু০ [বৃধ–অচ্] ব্রাহ্মী। A kind of herb.

বর্ধক ত্রি০ [বৃধ–ণ্বুল্] পূরক, ছেদক, বৃদ্ধিকারক। পু০ ব্রাহ্মীশাক। Filling, cutter, causing to increase.

বর্ধকি পু০ [বর্ধ–অচ্+কপ–ডি], **বর্ধকিন্** পু০ [বর্ধক+ইনি] স্বষ্টা, সূত্রধর। Carpenter.

বর্ধন ক্লী০ [বৃধ–ল্যুট্] বৃদ্ধি, ছেদন, পূরণ। ত্রি০ [বৃধ–ল্যু] বৃদ্ধিকারক। স্ত্রী০ বর্ধনী—ঝাঁটা। Enhancement; broom-stick.

বর্ধমান পু০ [বৃধ–শানচ্] নগরবিশেষ। ত্রি০ বৃদ্ধিশীল। Name of a town.

বর্ধিত ত্রি০ [বৃধ–ক্ত] পূরিত, পোষিত। Increased, nourished.

বর্ধিষ্ণু ত্রি০ [বৃধ–ইষ্ণুচ্] বৃদ্ধিশীল। Increasing.

বর্ধ্র ক্লী০ [বৃধ–ষ্ট্রন্] চর্ম। স্ত্রী০ বর্ধ্রা—চর্মরজ্জু। Leather ; leather thong.

বর্মন্ ক্লী০ [বৃ–মনিন্] কবচ। Armour.

বর্মহর ত্রি০ [বর্ম+হৃ–অচ্] তরুণ। Young.

বর্মিত ত্রি০ [বর্ম+ণিচ্–ক্ত] কৃতসন্নাহ, উদ্যুক্ত। Armoured.

বর্য্য ত্রি০ [বৃ–যত্] প্রধান, শ্রেষ্ঠ। Chief, best.

বর্ষ পু০, ক্লী০ [বৃষ–ঘঞ্] বৃষ্টি, জম্বুদ্বীপাংশবিশেষ। Rain, a part of Jambudvīpa.

বর্ষণ ক্লী০ [বৃষ–ল্যুট] বৃষ্টি। Raining.

বর্ষপর্বত পু০ [বর্ষ+পর্বত] বর্ষবিভাগকারী হিমালয়াদি সপ্ত পর্বত। The seven mountains dividing the Varṣas.

বর্ষবৃদ্ধি স্ত্রী০ [বর্ষ+বৃদ্ধি] জন্মতিথি, জন্মতিথিতে কর্তব্য পূজাদি। Birthday.

বর্ষা স্ত্রী০ [বর্ষ+অচ্+টাপ্] ঋতুবিশেষ, বারিপাত। The rainy season.

বর্ষাভূ পু০ [বর্ষা+ভূ–ক্বিপ্] ভেক, ইন্দ্রগোপ, পুনর্নবা। ত্রি০ বর্ষাভব। Frog ; sprung during the rainy season.

বর্ষিষ্ঠ ত্রি০ [বৃদ্ধ+ইষ্ঠন্], বৃদ্ধতম। Oldest.

বর্ষীয়স্ ত্রি০ [বৃদ্ধ+ঈয়সুন্] বৃদ্ধতর। Older.

বর্ষুক ত্রি০ [বৃষ–উকঞ্] বর্ষণশীল। Raining.

বর্ষোপল পু০ [বর্ষ+উপল] করকা। Hail.

বর্ষ্মন্ ক্লী০ [বৃষ–মনিন্] দেহ, পাষাণ। Body.

वर्ह क्লী০ [वर्ह–अच्]ময়ূরপিচ্ছ। Peacock-feather.
वर्हिःशुष्मन् পু০ [वर्हिः+शुष्मन्] অগ্নি। Fire.
वर्हिण পু০ [वर्ह+इन] ময়ূর। Peacock.
वर्हिर्मुख পু০ [वर्हिस्+मुख] দেবতা। God.
वर्हिषद् পু০ [वर्हिस्+सद–क्विप्] পিতৃগণবিশেষ। Manes.
वर्हिस् পু০ [वृह–इसुन्] অগ্নি। পু০, ক্লী০ কুশ। Fire; kuśa grass.
वल ক্লী০ [वल–क] সৈন্য। Army.
वलक्ष পু০ [वल–क्विप्+अक्ष–अच्] ধবল বর্ণ। ত্রি০ ধবলবর্ণযুক্ত। White.
वलभि[भी] স্ত্রী০ [वल–अभि(+ङीप्)] গোপানসী, প্রাচীন নগরীবিশেষ। The ridge of a roof, name of an ancient city.
वलय পু০,ক্লী০ [वल–अयन्] কটক, গোল। Bracelet.
वलयित ত্রি০ [वलय+इतच्] বেষ্টিত। Surrounded.
वलाका [वल+आकन्+टाप्] বকপংক্তি। A row of cranes.
वलाहक পু০ [वारि+वाहक] মেঘ। Cloud.
वलि [वल–इन्] উপহার দ্রব্য। An offering.
वलिर ত্রি০ [वल–क+इरन्] কেকর। Squint-eyed.
वलीक ক্লী০ [वल+ईकन्] ঘরের ছাঁচ। The edge of a thatched roof.
वल्क ক্লী০ [वल–क] গাছের ছাল, মাছের আঁশ, খণ্ড। The bark of a tree, the scale of a fish, fragment.
वल्कल ক্লী০ [वल–कलन्] গাছের ছাল। The bark of a tree.
वलग् পু০ [वल्ग–अच्] গমন। Movement.
वल्गा স্ত্রী০ [वल्ग–अच्+टाप्] লাগাম। Rein.
वल्गित ক্লী০ [वल्ग–क्त] অশ্বের গতিভেদ। A gallop.
वल्गु ত্রি০ [वल–गुक्] মনোহর। পু০ ছাগ। Lovely; goat.
वल्मीक পু০, ক্লী০ [वल–ईक] উইঢিপি। Ant-hill.
वल्ल পু০ [वल्ल–घञ्] পরিমাণবিশেষ। A kind of measure.
वल्लकी স্ত্রী০ [वल्ल–क्वुन्+ङीप्] বীণা, সল্লকীবৃক্ষ। Lute, a kind of tree.
वल्लभ ত্রি০ [वल्ल–अभच्] দয়িত, অধ্যক্ষ, উত্তমাশ্ব। Beloved, superintendent, best horse.
वल्लरि[री] স্ত্রী০ [वल्ल–अरि(+ङीप्)] মঞ্জরী, মেথিকা, চিত্রমূল। Blossom, a kind of grass or root.
वल्लव পু০ [वल्ल–घञ्+वा–क] গোপ, পাচক, ভীমসেন। Cowherd, cook, an epithet of Bhīma.
वल्लि স্ত্রী০ [वल्ल–इन्] লতা, পৃথিবী। Creeper, earth.
वल्ली স্ত্রী০ [वल्ल+ङीप्] লতা, পৃথিবী, অজামোদা, কৈবর্তিকা। Creeper, earth.
वल्लूर ক্লী০ [वल्ल–ऊरन्] আতপের দ্বারা শুষ্ক মাংস, শূকর মাংস, বনক্ষেত্র, বাহন, উষরভূমি। Dried flesh, the flesh of the hog, uncultivated field.
वल्वज পু০ [वल–क्विप्+वज–अच्] তৃণবিশেষ। A kind of grass.
वव পু০ [वा–ड] জ্যোতিষোক্ত করণবিশেষ। Name of the first astrological division of day.
वश পু০ [वश–अप्] প্রভুত্ব, আয়ত্ততা। ত্রি০ অধীন। Authority, control; under control.
वशंवद ত্রি০ [वशं+वद–खच्] প্রিয়বাক্যবাদী, মধুরভাষী। Sweet-tongued,
वशग ত্রি০ [वश+गम–ड] বশীভূত। Under control.
वशित्व ক্লী০ [वशिन्+त्व] ঐশ্বর্যবিশেষ, সংযমিত্ব। Control.
वशिता স্ত্রী০ [वशिन्+तल्+टाप्] A kind of occult power.
वशिन् ত্রি০ [वश+इनि] জিতেন্দ্রিয়। One who has control over the sense organs.
वशिष्ठ পু০ [वशिन्+इष्ठन्], **वसिष्ठ** পু০ [वसुमत्+इष्ठन्] মুনিবিশেষ। Name of a sage.
वशीकरण ক্লী০ [वश+च्वि+कृ–ल्युट्] তন্ত্রাদি কথিত মণিমন্ত্রাদি দ্বারা আয়ত্তীকরণ। A tantric process of hypnotism.
वश्य ত্রি০ [वश–यत्] আয়ত্ত। ক্লী০ লবঙ্গ। Subdued; clove.
वषट् অব্য০ [वह–डषट्] দেবতার উদ্দেশে হবিস্ত্যাগমন্ত্র। An exclamation used for oblation to a deity.
वषट्कार পু০ [वषट्+कृ–घञ्] দেবোদ্দেশকত্যাগরূপ যজ্ঞ। The offering of anything to a deity with Vaṣaṭ.
वषट्कृत ত্রি০ [वषट्+कृ–क्त] হুত। Offered as an oblation to fire.
वष्कय পু০ [वष्क–अयन्] একহায়ন বৎস। A calf one-year old.
वष्कयनी স্ত্রী০ [वष्कय+नी–ड+ङीप्], **वष्कयिनी** [वष्कय+इनि+ङीप्] চিরপ্রসূতা গাভী। A cow that has full-grown calves.

वसति[ती] स्त्री० [वस-अति(+ङीप्)] বাস, নিকেতন, স্থান, শিবির, যামিনী। Residence, place, night.

वसन क्ली० [वस-ल्युट्] বস্ত্র, ছাদন, নিবাস, স্ত্রীকটীভূষণ। Cloth, covering, residence.

वसन्त पु० [वस-झच्] ঋতুবিশেষ। The spring season.

वसन्ततिलक क्ली० [वसन्त+तिलक], **वसन्ततिलका** स्त्री० [वसन्ततिलक+टाप्] চতুর্দশাক্ষরপাদ ছন্দোবিশেষ। Name of a metre of fourteen syllables.

वसन्तसख पु० [वसन्त+सखि+टच्] কামদেব। An epithet of Cupid.

वसा स्त्री० [वस-अच्+टाप्] মাংসজাত দেহস্থ ধাতুবিশেষ। The marrow of the flesh.

वसु क्ली०[वस-उ] ধন, রত্ন, বৃদ্ধ্যৌষধি, শ্যাম, স্বর্ণ, জল, বকবৃক্ষ, সূর্য, বহ্নি, রশ্মি। पु० গণদেবতাবিশেষ। Riches, jewel, gold, water, sun, fire ; name of a class of deities.

वसुदेव पु० [वसु+देव] শ্রীকৃষ্ণের পিতা। Name of the father of Kṛṣṇa.

वसुधा स्त्री० [वसु+धा-क+टाप्] পৃথিবী। Earth.

वसुधाभृत् पु० [वसुधा+भृ-क्विप्] রাজা, পর্বত। Sustainer of the earth.

वसुधारा स्त्री० [वसु+धारा] মাঙ্গলিক ঘৃতাদিধারা। A ceremony of pouring ghee.

वसुन्धरा स्त्री० [वसु+धृ-खच्+टाप्], **वसुमती** स्त्री० [वसु+मतुप्+ङीप्] পৃথিবী। Earth.

वसुषेण पु० [वसु+सेना] কর্ণ। An epithet of Karṇa.

वस्त पु० [वस्त-अच्] ছাগ। Goat.

वस्ति पु०, स्त्री० [वस-तिच्] নাভির অধোভাগ, মূত্রাধার, স্থান, বাস। The lower belly, the bladder of urine.

वस्तु क्ली० [वस-तुन्] দ্রব্য, পদার্থ, সত্য পদার্থ। Object, thing, the real.

वस्त्य क्ली० [वस्तु+यत्] গৃহ। House.

वस्त्र क्ली० [वस-ष्ट्रन्] কাপড়। Cloth.

वस्न क्ली० [वस-नन्] বেতন, মূল্য, বস্ত্র, দ্রব্য, ধন, মৃত্যু। पु० মূল্য। Pay, value, cloth, wealth, death ; price.

वस्नसा स्त्री० [वस्न+सो-क+टाप्] স্নায়ু। Nerve.

वस्वौकसारा स्त्री० [वसु+ओकस्+सार+टाप्] ইন্দ্রনগরী, কুবেরপুরী, ইন্দ্রনদী। Name of the city of Indra or Kuvera.

